



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH



তথ্যবিবরণী

নম্বর-২২

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২৫ শ্রাবণ (০৯ আগস্ট):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহুরিয়ার আলম, এমপি পাঁচ দিনের সরকারি সফরে আগামীকাল বুধবার (১০ আগস্ট) রাজশাহী আসবেন। বিকাল সাড়ে ছয়টায় তিনি রেলযোগে রাজশাহী এসে পৌছবেন।

১১ আগস্ট বৃহস্পতিবার সকাল দশটায় আমরপুর-ধনদহ উচ্চ বিদ্যালয়ে নির্মিত ৪ তলা একাডেমিক ভবন উদ্বোধন করবেন। বেলা এগারোটায় বাঘা উপজেলার দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের অনুদানের চেক ও যুব উন্নয়নের যুব ঝণের চেক প্রদান অনুষ্ঠানে যোগদান করবেন। বেলা বারোটায় নওটিকা উচ্চ বিদ্যালয়ে ও বিকাল চারটায় শলুয়া উচ্চ বিদ্যালয় মাঠে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১২ আগস্ট শুক্রবার সকাল দশটায় মোহনপুর উপজেলা আওয়ামীলীগ আয়োজিত জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য শোকসভায় যোগ দেবেন। এদিন বিকাল চারটায় মনিগ্রাম উচ্চ বিদ্যালয় মাঠে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত অপর একটি আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১৩ আগস্ট শনিবার বেলা এগারোটায় বাঘা উপজেলার হরিপুর উচ্চ বিদ্যালয়ে নির্মিত ৪ তলা একাডেমিক ভবন উদ্বোধন করবেন। বেলা সাড়ে এগারোটায় আড়ানীর খোদ বাটশা উচ্চ বিদ্যালয়ে ও বিকাল চারটায় পাকুড়িয়া ইউনিয়নের কিশোরপুর উচ্চ বিদ্যালয় মাঠে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

১৪ আগস্ট রবিবার বেলা এগারোটায় জাহাঙ্গীরাবাদ ও চকক্ষণপুর বড়াল নদের উপর নির্মিত ব্রীজ উদ্বোধন করবেন। বেলা সাড়ে বারোটায় চারঘাট উপজেলার দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের অনুদানের চেক ও যুব উন্নয়নের যুব ঝণের চেক প্রদান করবেন। এদিন বিকাল চারটায় ইউসুফপুর ইউনিয়ন আওয়ামীলীগ আয়োজিত জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনাসভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

এদিন রাত সোয়া এগারোটায় মন্ত্রী রেলযোগে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....
তৌহিদ/আতিক/সিকান্দার/রঞ্জল/২০২২/১২:৩০ ঘ.